

উপজেলা যৌতুক প্রতিরোধ কমিটির আগষ্ট/২০২৩খ্রি: মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী :

সভাপতি : আয়শা সিদ্দিকা, উপজেলা নির্বাহী অফিসার, মোহনপুর, রাজশাহী ।
সভার স্থানঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, মোহনপুর, রাজশাহী ।
সভার তারিখ ১৭/০৮/২০২৩ খ্রিঃ
সময়ঃ বেলা ঃ- ১২.০০ ঘটিকায়

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা- পরিশিষ্ট- 'ক' দ্রষ্টব্য

সভার শুরুতেই সভাপতি সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান হয়। এবং তাতে কোন সংশোধনী প্রস্তাব উপস্থাপিত না হওয়ায় তা সর্ব সম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভায় নিম্নরূপ আলোচনা সিদ্ধান্ত গৃহীত হয়।

চেয়ারম্যান রায়ঘাটি ইউ,পি জানান যে, তার ইউনিয়নের যৌতুক সংক্রান্ত কোন ঘটনা ঘটেনি। বিভিন্ন মাধ্যমে জানা যায়, এক শ্রেণীর অসাধু ব্যক্তি টাকার লোভে তার স্ত্রী উপর শারীরিক ও মানসিক নির্যাতন করে থাকেন। এ অসাধু চক্র হতে সতর্ক থাকার বিষয়টি ব্যাপক প্রচারের জন্য সভাপতি দৃষ্টি আকর্ষণ করেন।

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মোহনপুর জানান, আলোচ্য মাসে এই উপজেলায় যৌতুক সংক্রান্ত কোন তথ্য পাওয়া যায়নি। তিনি নিয়মিত ইউনিয়ন যৌতুক প্রতিরোধ কমিটির সভা অনুষ্ঠান করতঃ অনুষ্ঠিত সভার কার্য বিবরণী প্রেরনের জন্য সকল ইউ,পি চেয়ারম্যান এর দৃষ্টি আকর্ষণ করেন।

সভাপতি বলেন, নারী দের স্বনির্ভর হতে হবে এবং যৌতুক বিরোধী প্রচার কার্যক্রম চালিয়ে যেতে। তিনি যৌতুক প্রতিরোধে জনসাধারণকে সচেতন করার উপর গুরুত্বরোপ করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সর্ব সম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।


সিদ্ধান্ত ১। যৌতুক প্রতিরোধে যৌতুক প্রতিরোধ ও দমন আইন- এর সঠিক প্রয়োগ ও নিশ্চিত করার জন্য অফিসার ইনচার্জ, মোহনপুর থানাকে অনুরোধ করা হলো।

সিদ্ধান্ত ২। সভাপতির সাথে আলোচনা ক্রমে যৌতুক প্রতিরোধে জনসাধারণকে সচেতন করার লক্ষ্যে স্থানীয় গন্যমাণ্য ব্যক্তি জনপ্রতিনিধি, এনজিও প্রতিনিধি, সাংবাদিক শিক্ষক ও ইমামদের নিয়ে সমন্বয় সভা আহবানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মোহনপুর কে অনুরোধ করা হলো।

সিদ্ধান্ত ৩। যৌতুক প্রতিরোধে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে ইউনিয়নের বিভিন্ন জনসমাগম স্থলে প্রজেক্টরের মাধ্যমে চিত্র/ভিডিও, চিত্র প্রদর্শনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল ইউ,পি চেয়ারম্যানকে অনুরোধ করা হলো।

সিদ্ধান্ত ৪। নিয়মিত ইউনিয়ন যৌতুক প্রতিরোধ কমিটির সভা অনুষ্ঠান করতঃ অনুষ্ঠিত সভার কার্য বিবরণী প্রতি মাসের ০৩ তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণের জন্য সকল ইউ,পি চেয়ারম্যানকে অনুরোধ করা হলো।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(আয়শা সিদ্দিকা)
উপজেলা নির্বাহী অফিসার
মোহনপুর, রাজশাহী
ও

সভাপতি
উপজেলা যৌতুক প্রতিরোধ কমিটি
মোহনপুর, রাজশাহী।


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
মোহনপুর, রাজশাহী।

স্মারক নং: ৩২.০১.৮১৫৩.০০০.০৬.২২৬.১৬-২০৩

তারিখঃ-১৭/০৮/২০২৩খ্রি.

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

- ১। জেলা প্রশাসক, রাজশাহী।
- ২। উপপরিচালক, উপপরিচালকের কার্যালয় মহিলা বিষয়ক অধিদপ্তর, রাজশাহী।
- ৩। অফিস কপি।



(বন্দনা সাহা)
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
মোহনপুর, রাজশাহী